আজকের কাগজ

তারিখ 3 1 AUG 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

143

৩০/৭/৯২

### সর্বদলীয় ছাত্র ঐক্যের সংবাদ সম্মেলন

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসির অপসারণ দাবি

সর্বদলীয় ছাত্র ঐক্য দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার অভিযোগ এনে ইসলামী
বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের অপসারণ দাবি করেছে। ইসলামী বিশ্ববিদ্যালয়
টিচার্স ক্লাবে গত ১৯ আগস্ট অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়।
সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন ছাত্রলীগ (ম-ই) সভাপতি শাহজাহান আলম, সাজু,
সেক্রেটারি আলমগীর হোসেন, ছাত্র ইউনিয়ন সেক্রেটারি আকমল হোসেন, ছাত্র মৈত্রী
সভাপতি সত্য বিশ্বাস, ছাত্রলীগ (ম-বি) সভাপতি, আফসার ও অন্যান্য নেতারা।

বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয়ে চলছে বর্তমানে এক নৈরাজ্যকর পরিস্থিতি। বর্তমান
ভাইস চ্যান্সেলর এম এ হামিদ তার অপকর্মের পাল্লা দিনদিন ভারী করে চলেছেন।
বিশ্ববিদ্যালয়ে হুকুম দখলকৃত ১৭৫ একর জমির মধ্যে ৭৫ একর জমির দলিল অবৈধ
উপায়ে তিনি প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেছেন। ভর্তি পরীক্ষায় দুর্নীতি হয়েছে।
বিশ্ববিদ্যালয়ে উন্নয়ন খাতে আসা ৮ কোটি টাকা তিনি ফেরত পাঠিয়েছেন। তাছাড়া ২
কোটি টাকা বিশ্ববিদ্যালয়ের নামে ইসলামী ব্যাংকে কারেন্ট একাউন্ট খুলে জমা রাখা
হয়েছে বিধি বহির্ভূতভাবে (নিজস্ব ব্যাংক অগ্রণী ব্যাংকে না রেখে।) অপরদিকে
বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে দলীয়করণ নীতি, কর্মচারী নিয়োগের ক্ষেত্রে
স্বজনপ্রীতি ইত্যাদি লেগেই আছে। ভিসি এ বিষয়ে ছাত্র নেতাদের মতামতের প্রয়োজন
মনে করেন না।

ছাত্র নেতারা বলেন, বর্তমানে বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট এ জটিলতা নিরসনের জন্যে ৬
দফা দাবির ভিত্তিতে আন্দোলন মাসব্যাপী কর্মসূচি গ্রহণ করেছি। আন্দোলনের প্রথম
দাবি ভিসি আব্দুল হামিদকে পদত্যাগ করতে হবে। কুষ্টিয়া থেকে জেলা প্রতিনিধি।